



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম

সিডিএ এডিনিউ, মুরাদপুর, পাঁচলাইশ, চট্টগ্রাম।

Website: www.bise-ctg.gov.bd

স্মারক নং-চশিবো/পরী-উমা/পরি-২৮/(অংশ-৫)/২০০০/ ৪০৯৪(২)

তারিখ : ০২/০৮/২০২৩খ্রি.

বিষয় : এইচএসসি পরীক্ষা ২০২৩-এর তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (২৭৫) বিষয়ের ব্যবহারিক পরীক্ষা গ্রহণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে নির্দেশক্রমে জানানো যাচ্ছে, এইচএসসি পরীক্ষা ২০২৩-এর অংশগ্রহণকারী সকল পরীক্ষার্থীর তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (২৭৫) বিষয়ের ব্যবহারিক পরীক্ষা এনসিটিবি এর নির্দেশনা অনুসারে স্ব স্ব প্রতিষ্ঠান সম্পন্ন করে প্রাপ্ত নম্বর প্রতিষ্ঠান প্রধান সংরক্ষণ করবেন। প্রবেশপত্র পাওয়ার পর বৈধ পরীক্ষার্থীদের নাম, রোলনম্বর ও রেজিস্ট্রেশন নম্বরের বিপরীতে ব্যবহারিক পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ফর্দ (দুইকপি) গালাসীলযুক্ত খামে তাঁর সংশ্লিষ্ট কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার নিকট প্রেরণ করবেন। তত্ত্বীয় পরীক্ষা শেষে ভারপ্রাপ্ত কর্মকর্তা অন্যান্য বিষয়ের ব্যবহারিক পরীক্ষা সম্পন্ন করে উল্লিখিত বিষয়সহ ব্যবহারিক পরীক্ষার প্রাপ্ত নম্বর বোর্ড নির্ধারিত তারিখের মধ্যে অনলাইনে বোর্ডে প্রেরণ করবেন। সেইসাথে কেন্দ্রের অধিভুক্ত প্রতিষ্ঠান থেকে প্রেরিত আইসিটি বিষয় (২৭৫) সহ সব বিষয়ের ব্যবহারিক পরীক্ষার নম্বরফর্দের হার্ডকপি (মূলকপি) কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা স্বাক্ষর করে গালাসীলযুক্ত খামে হাতে হাতে অত্রবোর্ডের ৪০২ নম্বর কক্ষে জমা দিতে হবে এবং ১ কপি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে।

(প্রফেসর নারায়ন চন্দ্র নাথ)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম

ফোন- ০২৩৩৩৩৩৬৭৬৪।

E-mail: ce@bise-ctg.gov.bd

প্রাপক,

অধ্যক্ষ/প্রতিষ্ঠান প্রধান

অত্রবোর্ডের আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠান।